

## অসংলগ্ন, অমাবস্যার গন্ধ

রাজীব মিত্র

১

আগোছালো বে-জীবন, কিভাবে মিলিয়ে দিয়েছি দেখো মধুময়  
চতুর জুয়াড়ী আমি, দ্বিধাহীন ঝাঁপিয়েছি শিকারের টুটির উপর  
পকেটের শূন্যতা, আজ আমার প্রেমিকা ভেবোনা  
পারস্য গালিচা পাতা স্বপ্নের সুরভি উদ্যানে

সেখানে বৃষ্টি ছিল, হৃদয়ে কবিতা ছিল ভরা  
আমূল ভিজেছি যদি, জ্বরে কেন পুড়ে ছিল গা  
তুমিও কি ভিজেছিলে, কবে হাত আলগা হয়ে হারিয়ে গিয়েছি...  
বৃষ্টির প্রতীক্ষা নিয়ে খাতা ও কলম, কতকাল ছন্দ মেলেনা...